



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৫-১০-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের প্রফেশনাল ফুটবল লীগ কমিটির এক সভা অদ্য ১৫-১০-২০২০ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৩:৩০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সভাপতিত্ব করেন কমিটির চেয়ারম্যান জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি।

সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা হয়ঃ

- ১। আগামী ১৯ ডিসেম্বর ২০২০ তারিখ হতে 'ফেডারেশন কাপ ২০২০' এর মাধ্যমে ২০২০-২১ মৌসুমের খেলা শুরু হবে।
- ২। আগামী ১ নভেম্বর হতে ১৫ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত খেলোয়াড় দলবদল অনুষ্ঠিত হবে।
- ৩। 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' উপলক্ষে সর্বোচ্চ ৪ জন বিদেশী খেলোয়াড় রেজিস্ট্রেশন করতে পারবে, যার মধ্যে ন্যূনতম ১ জন অবশ্যই এশীয় হতে হবে।
- ৪। ২০১৯-২০ মৌসুমের খেলোয়াড়দের চুক্তির ন্যূনতম ৩৫% অর্থ চলতি ২০২০-২১ ফুটবল মৌসুমে সংশ্লিষ্ট ক্লাব কর্তৃক সাইনিং মানি হিসেবে প্রদান করা হবে।
- ৫। কোন ক্লাব কর্তৃক খেলোয়াড় ছাড় করতে চাইলে উক্ত খেলোয়াড়দের নাম আগামী ৩০ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে জানাতে হবে।
- ৬। ঢাকা ও এর আশেপাশে মোট ৬টি ভেন্যু (বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, বাংলাদেশ আর্মি স্টেডিয়াম, শহীদ বরকত স্টেডিয়াম-গাজীপুর, মোসলেহ উদ্দিন ভূইয়া স্টেডিয়াম-নরসিংদী, বিকেএসপি ও কুমিল্লা জেলা স্টেডিয়াম) পর্যবেক্ষণের মাধ্যমে 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর জন্য পরবর্তী সভায় ৩/৪ টি ভেন্যু চূড়ান্ত করা হবে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।